

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম অধিদপ্তর
শিল্প সম্পর্ক শিক্ষায়তন
তেরখাদা, রাজশাহী
iri.rajsahidiv.gov.bd

নথি নম্বর-৪০.০২.০০০০.২০৩.৩১.০০১.২০১৯, ২১০

তারিখ: ০২/৪/২০২১

জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী:


সভাপতি : জনাব মোঃ মনিবুল আলম,
উপপরিচালক
সভার স্থান : উপপরিচালকের কার্যালয়
সভার তারিখ : ০১/০৪/২০২১খ্রি:
উপস্থিতি : উপস্থিতির স্বাক্ষর কপি সংযুক্ত।

আলোচ্য বিষয়ঃ

অদ্য ০১/০৪/২০২১খ্রি: তারিখ বিকাল ০৩:০০ টায় জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী:

এক সভা শিল্প সম্পর্ক শিক্ষায়তন, রাজশাহীর উপ পরিচালক মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। অধ্যকার সভায় জনাব মোঃ মনিবুল আলম, উপপরিচালক মহোদয় সভায় সভাপতিত্ব করেন। সভায় বক্তাগণ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

১. সভায় সরকারী নির্দেশনা মতে এ কমিটির সভা আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত।
২. ১১.০৩.২০২১ তারিখ প্রধান কার্যালয়ের সভার সিদ্ধান্ত মোতাবেক স্বাস্থ্যবিধি ও পরিষ্কার-পরিচ্ছন্নতা তদারকি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটিকে ০৪(চার) কোয়ার্টারে তদারকি রিপোর্ট প্রদান করতে হবে।
৩. কোভিড-১৯ এর সম্ভাব্য ঝুঁকি মোকাবেলায় শ্রমিক শিক্ষা প্রশিক্ষণে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী প্রত্যেককে প্রশিক্ষণ চলাকালীন বাধ্যতামূলক ভাবে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে।
৪. প্রধানমন্ত্রীর কার্যালয় এর ২৯/০৩/২০২১ তারিখের প্রজ্ঞাপনের আদেশ মোতাবেক অত্র দপ্তরের সকলকে অফিসে প্রবেশ এবং অবস্থানকালীন সর্বদা বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করতে হবে।
৫. প্রধানমন্ত্রীর কার্যালয় এর ২৯/০৩/২০২১ তারিখের প্রজ্ঞাপনের আরও আদেশ মোতাবেক মাস্ক পরিধান না করলে কিংবা স্বাস্থ্যবিধি লঙ্ঘিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনাও রয়েছে।
৬. সভা, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজনের ব্যবস্থা করতে হবে।
৭. অত্র দপ্তরের ওয়েবসাইটে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ তথ্য বাতায়নে দৃশ্যমান এর ব্যপারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য বাতায়নে দৃশ্যমান করেছেন।



৮. ওয়েবসাইটে প্রকাশযোগ্য তথ্য নিয়মিত হালনাগাদ করে নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ এর ব্যপারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়মিত দায়িত্ব পালন করছেন।
৯. পিপিএ ২০০৬ এর ধারা ১১(২) ও পিপিআর২০০৮ এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২০২১ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ এর জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়িত্ব পালন করবেন।
- ১০.. সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরন কাজ শুরু হয়ে গেছে।
১১. শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে প্রকাশ হচ্ছে।
১২. মাসিক গণশুনানী এর বিজ্ঞপ্তি ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ এর ব্যপারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়মিত দায়িত্ব পালন করছেন।
১৩. দাপ্তরিক সকল কার্যক্রম ই-নথিতে ১০০% সম্পন্ন করার জন্য প্রত্যেক কর্মকর্তা কর্মচারী-গণ এর প্রতি নির্দেশনা পালিত হচ্ছে।
১৪. অফিসে নিয়মিত যথা সময়ে উপস্থিত থাকা এবং সকাল ৯.০০ হতে ৯.৪০ পর্যন্ত বাধ্যতামূলকভাবে অফিসে অবস্থান বিষয়ে সকলকে প্রতিপালন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় সভাপতি মহোদয় সকলের সার্বিক সহযোগিতা, সততা, নিষ্ঠা ও দায়িত্বশীলতার সাথে দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য আহ্বান জানিয়ে সভায় উপস্থিত সকালকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭৪/;
 ((মোঃ মনিরুল আলম)
 উপ পরিচালক
 শিল্প সম্পর্ক শিক্ষায়তন
 তেরখাদা, রাজশাহী।
 ফোন: ০৭২১-৭৬০৫৫৯
 iri_raj@yahoo.com

নথি নম্বর-৪০.০২.০০০০.২০৩.৩১.০০১.২০১৯.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শ্রম অধিদপ্তর, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০।
২. নথি লিপি
৩. গার্ড ফাইল।

তারিখ:

০৭/০৪/২০২০
 উপ পরিচালক

শিল্প সম্পর্ক শিক্ষায়তন
 তেরখাদা, রাজশাহী।

০৭/০৪/২০